

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৮. ৩. ৫. নিহতদের মাথাগুলো গাদা করে শহর-দরজায় রেখে দেওয়া

বাইবেলীয় ধার্মিকতার অন্যতম বিষয় মৃতদেহের অবমাননা। আমরা ইতোপূর্বে মৃতদেহ গাছে টাঙিয়ে রাখা, কেটে টুকরো টুকরো করা ইত্যাদি বিষয় দেখেছি। ঈশ্বরের অভিষিক্ত ও নির্দেশপ্রাপ্ত বাদশাহ যেহু অসহায় নিরস্ত্র এ সকল মানুষকে হত্যা করেই তৃপ্ত হননি। তিনি এদের কর্তিত মস্তকগুলো শহরের প্রবেশ পথের মুখে ফেলে রাখার নির্দেশ দিলেন: "তখন একজন লোক এসে যেহুকে বলল, 'ওরা তাদের মাথা নিয়ে এসেছে।' তখন যেহু হুকুম দিলেন, 'ওগুলা দু'টো গাদা করে শহর-দরজায় ঢুকবার পথে সকাল পর্যন্ত রেখে দাও।' পরের দিন সকালে যেহু বাইরে গেলেন। তিনি সমস্ত লোকদের সামনে দাঁড়িয়ে বললেন, 'আপনাদের কোন দোষ নেই। আমিই আমার মালিকের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাঁকে হত্যা করেছি। কিন্তু এদের স্বাইকে হত্যা করল কে? আপনারা জেনে রাখুন, আহাবের বংশের বিরুদ্ধে মাবুদের বলা একটা কথাও মিথ্যা হবে না। মাবুদ তাঁর গোলাম ইলিয়াসের মধ্য দিয়ে যা করবার কথা বলেছিলেন তাই করেছেন।'' (২ বাদশাহনামা ১০/৮-১০)

পাঠক, কল্পনা করুন! আপনার শহরের প্রবেশ পথের মাথায় রাস্তার দুপাশে ৭০ জন মানুষের কর্তিত মস্তক ছড়িয়ে আছে! আপনার পরিবারের সদস্যদের নিয়ে আপনি সে অপূর্ব ও অনুপম দৃশ্য উপভোগ করছেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14647

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন